রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

নৌশিক্ষা ও প্রশিক্ষণ অধিশাখা

## প্রজ্ঞাপন

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

নং ১৮.০০.০০০০.০১৭.১৮.০০৩.২১-৪৯৭—"সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী নাবিক (রেটিং) ভর্তির সমন্বিত পরীক্ষা নীতিমালা-২০২২"

১। শিরোনাম

সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রি-সী রেটিং কোর্স সম্পন্নকারীগণ দেশি-বিদেশি সমুদ্রগামী জাহাজে নাবিক হিসাবে যোগদান করেন। প্রতিটি প্রতিষ্ঠান তাদের নিজস্ব পদ্ধতিতে নাবিক ভর্তি করে প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষণপ্রাপ্তরা প্রশিক্ষণ শেষে সমমানের সনদপ্রাপ্ত হন এবং সমুদ্রগামী জাহাজে নাবিক হিসাবে নিয়োজিত হন। ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখ নৌপরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এর সার্বিক উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয়ক সভায় নাবিক ভর্তির জন্য একটি অভিন্ন নীতিমালা প্রণয়নের সিদ্ধান্তের প্রেক্ষিতে এই নীতিমালা প্রণয়ন করা হল। নীতিমালাটি "সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী নাবিক (রেটিং) ভর্তির সমন্বিত পরীক্ষা নীতিমালা-২০২২" নামে অভিহিত হবে।


মূল্য : টাকা ১২.০০

২। উদ্দেশ্য

বাংলাদেশি নাবিকগণ দেশি ও বিদেশি পতাকাবাহী সমুদ্রগামী জাহাজে চাকরি করে থাকেন। বিদেশি পতাকাবাহী জাহাজে নাবিকদের চাহিদা রয়েছে। নাবিকদের যোগ্যতা, মেধা ও প্রশিক্ষণের মান বৃদ্ধি করে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা গেলে বিদেশি পতাকাবাহী সমুদ্রগামী জাহাজে কর্মসংস্থান বৃদ্ধি পাওয়া ছাড়াও জাহাজসমূহ যোগ্য নাবিক দ্বারা আরও ভালভাবে পরিচালনা সম্ভব। এই উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশের সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অভিন্ন পরীক্ষা পদ্ধতির মাধ্যমে সমমানের মেধাবী ও কর্মঠ প্রশিক্ষণার্থী ভর্তি করে আন্তর্জাতিক মানের বাংলাদেশি নাবিকদের কর্মসংস্থান বৃদ্ধির জন্য সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী নাবিক ভর্তির সমন্বিত পরীক্ষা নীতিমালা-২০২২ প্রণয়ন করা হলো।

৩। সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায়—

(ক) “অধিদপ্তর” অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983) -এর অধীন স্থাপিত নৌপরিবহন অধিদপ্তর;

(খ) “পরীক্ষক” অর্থ এই ভর্তি পরীক্ষা গ্রহণের জন্য অনুমোদিত কর্মকর্তা/ব্যক্তি;

(গ) “প্রশিক্ষণার্থী নাবিক” অর্থ সমুদ্রগামী জাহাজে নাবিক (রেটিং) পদে চাকুরীর জন্য মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণরত/অধ্যয়নরত শিক্ষার্থী;

(ঘ) “মহাপরিচালক” অর্থ নৌপরিবহন অধিদপ্তর এর মহাপরিচালক;

(ঙ) “ মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠান” অর্থ বাংলাদেশ নৌ-বাণিজ্যিক অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা ২০১১ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অনুমোদিত কোনো মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠান;

(চ) “সমন্বিত নাবিক ভর্তি পরীক্ষা কমিটি” অর্থ সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী নাবিক ভর্তির জন্য গঠিত কমিটি;

(ছ) “সরকার” অর্থ নৌপরিবহন মন্ত্রণালয় ;

(জ) “STCW” অর্থ আন্তর্জাতিক মেরিটাইম অর্গানাইজেশন এর International Convention of Standards of Training, Certification and Watchkeeping for Seafarers 1978 as amended;

(ঝ) “কমিটি” অর্থ এ নীতিমালার আওতায় গঠিত কমিটি।

৪। ভর্তি প্রক্রিয়া

(ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক ভর্তি পরীক্ষা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক প্রতি বছর ২ (দুই) বার (শীতকালীন ও গ্রীষ্মকালীন) অথবা প্রয়োজন অনুসারে নাবিক প্রশিক্ষণ ভর্তির বিজ্ঞপ্তি জারি এবং অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা। এ লক্ষ্যে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক অনলাইন ব্যবস্থা প্রস্তুত ও সংরক্ষণ এবং ভর্তি কমিটি কর্তৃক সফটওয়্যারটি পরিচালনা;

(গ) নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক ভর্তি পরীক্ষার ফি নির্ধারণ এবং নির্ধারিত ফি উল্লেখপূর্বক প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রকাশ ও প্রচার।

(ঘ) ভর্তির জন্য নির্ধারিত অনলাইন আবেদনপত্রে আবেদনকারী কর্তৃক মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানের (সরকারি/ বেসরকারি) নাম তাদের পছন্দের ক্রম উল্লেখ ও নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে পূরণের লক্ষ্যে একটি ফরম (Template) প্রস্তুত।

৫। নির্বাচন পদ্ধতি

(ক) ভর্তি পরীক্ষার পূর্বে প্রশিক্ষণ সুবিধা এবং চাহিদার ভিত্তিতে সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী নাবিকের সংখ্যা নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক নির্ধারণ এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ;

(খ) প্রশিক্ষণার্থী নাবিকদের (রেটিংদের) শ্রেণি:

দেশি এবং বিদেশি পতাকাবাহী সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজে নিয়োগের জন্য শ্রেণিভেদে নাবিকদের চাহিদার ভিত্তিতে নিম্নোক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী নাবিক নির্বাচন:

(১) ডেক নাবিক;

(২) ইঞ্জিন নাবিক;

(৩) সেলুন নাবিক (স্টুয়ার্ড ও কুক);

(৪) বিশেষায়িত নাবিক।

(গ) প্রশিক্ষণার্থী নাবিক (রেটিং) হিসাবে আবেদনের প্রয়োজনীয় যোগ্যতা:

সাধারণ নাবিক :

| | | |
|---|---|---|
| ১। | ডেক, ইঞ্জিন ও সেলুন নাবিক | ডেক, ইঞ্জিন ও সেলুন শ্রেণির প্রশিক্ষণার্থী রেটিং এর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি, সর্বনিম্ন জিপিএ-২.৫ অথবা সমমানের। |

বিশেষায়িত নাবিক :

| | | |
|---|---|---|
| (১) | কার্পেন্টার | সরকার অনুমোদিত কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে কার্পেন্টেন্সি বিষয়ে ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে কার্পেন্টেন্সি কোর্স সম্পন্নকারী অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর উক্ত ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসরপ্রাপ্ত নাবিকদের মধ্যে ন্যূনতম নেভী কার্পেন্টেন্সি ওয়ার্কশপে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণসহ ২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। |
| (২) | ডিজেল মেকানিক/পাম্পম্যান | সরকার অনুমোদিত কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছরের ট্রেড কোর্স অথবা ন্যূনতম এসএসসি/সমমানসহ বিটাক বা সমমানের প্রতিষ্ঠান থেকে ওয়েল্ডিং অথবা মেশিনশপে প্রশিক্ষণ অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর মেকানিক্যাল ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসরপ্রাপ্ত নাবিকদের মধ্যে ন্যূনতম ১ (এক) বছরের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। |
| (৩) | প্লাম্বার | সরকার অনুমোদিত কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ বছরের ট্রেড কোর্স অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর মেকানিক্যাল/শিপস রাইট ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসরপ্রাপ্ত নাবিকদের মধ্যে ন্যূনতম ১ (এক) বছরের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। |
| (৪) | ইলেকট্রিশিয়ান | সরকার অনুমোদিত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা অথবা ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছরের ট্রেড কোর্স অথবা উক্ত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশ নৌবাহিনীর ইলেকট্রিক্যাল ব্রাঞ্চ হতে সন্তোষজনক চাকুরী শেষে অবসরপ্রাপ্ত নাবিকদের মধ্যে ন্যূনতম নেভী ইলেকট্রিক্যাল ওয়ার্কশপে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন। |
| (৫) | রেফ্রিজারেশন মেকানিক | সরকার অনুমোদিত কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা অথবা এসএসসি/সমমান উত্তীর্ণসহ উক্ত বিষয়ে ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ। |

| | | |
|---|---|---|
| (৬) | ফিটার-কাম-ওয়েল্ডার | সরকার অনুমোদিত কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/মেকানিক্যাল/পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং/শিপি বিল্ডিং এ ডিপ্লোমা পাশ<br>অথবা,<br>ন্যূনতম এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাশ।<br>অথবা,<br>ন্যূনতম এসএসসি/সমমানসহ বিটাক বা সমমানের প্রতিষ্ঠান থেকে ওয়েল্ডিং<br>অথবা,<br>মেশিনশপে ৩ মাসের প্রশিক্ষণ। |
| (৭) | ইলেকট্রো টেকনিক্যাল রেটিং | সরকার অনুমোদিত কোনো কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে ইলেকট্রনিক/ইলেকট্রিক্যাল বিষয়ে ডিপ্লোমা। |
| "ভবিষ্যত চাহিদার প্রেক্ষিতে অন্য যে কোনো শ্রেণি বা ট্রেডে নাবিকের ভর্তির যোগ্যতা ও প্রশিক্ষণকাল নির্ধারণ করা যাবে"। | | |

(ঘ) অন্যান্য যোগ্যতা—

(১) প্রার্থীদের বয়সসীমা: সাধারণ প্রার্থীদের বয়সসীমা ন্যূনতম ১৬ হতে সর্বোচ্চ ২৫ বছর, ডিপ্লোমাধারী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ন্যূনতম ২০ হতে সর্বোচ্চ ৩৫ বছর এবং নৌবাহিনীর প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ন্যূনতম ২৫ হতে সর্বোচ্চ ৪৫ বছর। প্রার্থীর এসএসসি/সমমান সনদে রেকর্ডকৃত বয়স বিবেচ্য। বয়স সম্পর্কিত অন্য কোনো সনদ কিংবা হলফনামা অগ্রহণযোগ্য;

(২) প্রার্থীদের প্রাথমিক শারীরিক যোগ্যতা

উচ্চতা: ন্যূনতম ৫' ২";

ওজন: বিশ্ব স্বাস্থ্য সংস্থার Body Mass Index (BMI) চার্ট মোতাবেক BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৭। যেমন উচ্চতা ৫' ২" এর ক্ষেত্রে ওজন ৪২—৬৭ কেজি;

দৃষ্টিশক্তি: ডেক রেটিংদের জন্য দুই চোখ ৬/৬ এবং অন্যান্য রেটিংদের জন্য দুই চোখ কমপক্ষে ৬/১২ এবং সকল নাবিকের বর্ণান্ধতামুক্ততা।

(৩) অন্যান্য

আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক হতে হবে। তবে বিদেশী নাগরিক ভর্তির ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট নীতিমালা/বিধান প্রতিপালন করতে হবে;

(ঙ) ভর্তি পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক নৌপরিবহন অধিদপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

(চ) সমন্বিত নাবিক (রেটিং) ভর্তি কমিটির রূপরেখা নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১) | মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| ২) | নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩) | চীফ নটিক্যাল সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪) | চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৫) | সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৬) | কন্ট্রোলার অব মেরিটাইম এডুকেশন, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

সরকারের অনুমোদনক্রমে কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং সাব কমিটি গঠন করতে পারবে।

(ছ) সিডিসিধারী (মৃত, অবসরপ্রাপ্ত বা কর্মরত) নাবিকদের সন্তানের জন্য অনধিক ৫% কোটা সংরক্ষিত। নাবিক সন্তান কোটা পূর্ণ না হলে সেক্ষেত্রে অবশিষ্ট আসন মেধার ভিত্তিতে পূরণীয়;

(জ) দক্ষ প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচনে নৌ-বাহিনীর নাবিক শাখার প্রাক্তন নৌ-সেনাদের জন্য ১০% কোটা সংরক্ষিত। নৌ বাহিনীর কোটা পূর্ণ না হলে সে স্থলে মেধার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের মধ্য থেকে নির্বাচনযোগ্য;

৬। প্রার্থী নির্বাচন পদ্ধতি ও ফলাফল

এস.এস.সি/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মূল্যায়ণ;

(ক) ভর্তি পরীক্ষার পদ্ধতি

বহুনির্বাচনী (MCQ) পদ্ধতিতে মোট ১০০ টি প্রশ্নের বিষয় ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ:—

গণিত-৩০, ইংরেজী-৩৫, বাংলাদেশ ও সাধারণ জ্ঞান-৩৫;

(খ) মূল্যায়ণ: নিম্নোক্ত প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম তৈরি করা হবে—

এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২০ গুণ = ১০০ নম্বর (সর্বোচ্চ);

ভর্তি পরীক্ষা = ১০০ নম্বর;

মোট = ২০০ নম্বর;

বহুনির্বাচনী (MCQ)-এ পাশ নম্বর ৪০%।

৭। মৌখিক পরীক্ষা, প্রাথমিক শারীরিক যোগ্যতা ও চক্ষু পরীক্ষা

(ক) মৌখিক পরীক্ষায় আলাদা কোন নম্বর থাকবে না। ব্যক্তিত্ব এবং এ নীতিমালার ৫ (ঘ) (২) অনুচ্ছেদ অনুযায়ী শারীরিক সক্ষমতা বিবেচ্য;

(খ) এসএসসি/সমমান ও লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে একটি সমন্বিত মেধা তালিকা প্রণয়ন করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে সামগ্রিক মূল্যায়ণের ভিত্তিতে মেধা তালিকা চাহিদার ৩ (তিন) গুণ আকারে প্রকাশ করা হবে;

(গ) ভর্তি পরীক্ষা কমিটি মৌখিক পরীক্ষার জন্য বোর্ড গঠন করবে;

(ঘ) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণের পর যে সকল প্রতিষ্ঠানে নাবিকগণ (রেটিং) ভর্তির জন্য নির্বাচিত হবে সে সকল প্রতিষ্ঠান মেডিকেল টেস্ট সম্পন্ন করবে। প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা সিভিল সার্জন কর্তৃক অথবা কমিটি কর্তৃক অনুমোদিত সরকারি হাসপাতালে গ্রহণ করা হবে। প্রার্থীদের বুকের এক্সরে, প্রস্রাব (সুগার/ এলবুমিন), রক্ত (ভি.ডি.আর.এল), দৃষ্টিশক্তি, কালার ভিশন (বর্ণান্ধতামুক্ত), ডোপ টেস্ট ও শ্রবণ শক্তি Standards of Training, Certification, and Watchkeeping (STCW'78 As Amended) কনভেনশন এবং সরকার অনুমোদিত ষ্ট্যান্ডার্ড অনুযায়ী হতে হবে।

(ঙ) নৌপরিবহন অধিদপ্তর/নৌবাণিজ্য দপ্তরে ল্যান্টার্ণ টেস্ট গ্রহণ করা হবে। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা এবং ল্যান্টার্ণ টেস্ট এর সকল খরচ সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক বহনযোগ্য;

৮। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করণ:

(ক) চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও ল্যান্টার্ণ টেস্ট-এ উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য থেকে চূড়ান্ত মেধা তালিকা এবং অপেক্ষমান তালিকা নৌপরিবহন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। প্রকাশিত ফলাফলের ভিত্তিতে ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানসমূহে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ;

(খ) সরকারি ও বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে আসন সংখ্যা শূণ্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে তা পূরণীয়। অপেক্ষমান তালিকা থেকে প্রার্থী ভর্তি শেষ হওয়ার পরও আসন সংখ্যা শূণ্য থাকলে কমিটি কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের পরামর্শক্রমে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ।

(গ) পরীক্ষার ফি বাবদ প্রাপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে অধিদপ্তরের রাজস্ব খাত থেকে ভর্তি পরীক্ষার ব্যয়ভার বহন করা হবে ;

৯। ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রশিক্ষণার্থী রেটিং (নাবিক) নির্বাচন পদ্ধতির বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের গত ৯ জুলাই ২০১৪ তারিখের ১৮.০১২.০২২.০২২.০০.০০.০০৬.২০১৪-১৭৬ সংখ্যক নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

১০। কার্যকারিতা: নীতিমালাটি ১ অক্টোবর ২০২২ তারিখ থেকে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তফা কামাল
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd